রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৫, ২০১৭

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**এনজিও বিষয়ক ব্যুরো**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**অফিস আদেশ**

তারিখ: ২ মে ২০১৭

নং **০৩.০৯.০০০০.৬৫৭.৩৪.০২৪.১২(পার্ট-১)-৮৪৮**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এনজিও বিষয়ক ব্যুরোর সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব যতীশ চন্দ্র মল্লিক-এর জন্ম তারিখ: ১৫-৫-১৯৫৮ খ্রিঃ হওয়ায় আগামী ১৪-৫-২০১৭ খ্রিঃ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ৭-ধারা এবং জাতীয় বেতন ও ভাতাদি আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১০(২)(ক) অনুযায়ী জনাব যতীশ চন্দ্র মল্লিক, সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)-কে ১৫-৫-২০১৭ খ্রিঃ হতে ১৪-০৫-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ মাস বা ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (PRL) নির্দেশক্রমে মঞ্জুর করা হ'ল। অবসর উত্তর ছুটি (PRL) ভোগ শেষে তিনি সরকারি চাকুরী হতে ১৫-৫-২০১৮ খ্রিঃ তারিখে পূর্ণ অবসর গ্রহণ করবেন। উল্লেখ্য যে, পিআরএল অতিরিক্ত ছুটি পাওনা সাপেক্ষে তিনি প্রচলিত বিধি মোতাবেক ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট) বাবদ অর্থ প্রাপ্য।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।

**মোঃ শাহ আলম**
উপপরিচালক (উপসচিব)।

---

**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**

**অফিস আদেশাবলী**

তারিখ: ১১ বৈশাখ ১৪২৪/২৪ এপ্রিল ২০১৭

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.০১৪.১৩-৯৯৪**—জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সহকারী পরিচালকগণকে বর্তমান কর্মস্থল হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী করা হলো :

(১) জনাব মফিজুল ইসলাম, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, সিলেট—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বাগেরহাট।

(২) জনাব মিছবাহ উদ্দিন, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, সুনামগঞ্জ—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, সিলেট।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৮.০৪.০০০০.০০৬.১৯.০১৪.১৩-৯৯৫**—জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নিম্নবর্ণিত সঞ্চয় অফিসারগণকে বর্তমান কর্মস্থল হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী করা হলো :

(১) জনাব দিদারুল আলম, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, কক্সবাজার—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, বান্দরবান।

(২) জনাব মোঃ আব্দুর রহমান, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ঝালকাঠী—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর।

(৩) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চাঁদপুর—জেলা সঞ্চয় অফিস/ব্যুরো ঝালকাঠী।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**বাবলু কুমার সাহা**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

**কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট**
**উপশহর, রাজশাহী।**

**আদেশ**

তারিখ: ৩ মে ২০১৭

**নং ২/রাজঃ কমিঃ/ইটি/০৫/বদলী/২০১৪/১৪১৮**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব)-গণকে তাঁদের নামের পার্শ্বে ৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো :

| ক্রঃ নং | নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবি | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| (১) | জনাব একেএম মাহমুদ হোসেন জন্ম তারিখঃ ১-১০-১৯৫৯ | রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-২, অতিরিক্ত দায়িত্ব বাখের আলী গবাদি পশু করিডোর এবং কানসাট শুল্ক করিডোর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-১, অতিরিক্ত দায়িত্ব রহনপুর শুল্ক স্টেশন, ভোলাহাট শুল্ক করিডোর। |
| (২) | জনাব মোঃ রইচ উদ্দিন, জন্ম তারিখঃ ৭-৫-১৯৬২ | রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-১, অতিরিক্ত দায়িত্ব রহনপুর শুল্ক স্টেশন, ভোলাহাট শুল্ক করিডোর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-২, অতিরিক্ত দায়িত্ব বাখের আলী গবাদি পশু করিডোর এবং কানসাট শুল্ক করিডোর। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। বদলির আদেশপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ৪-৫-২০১৭ খ্রিঃ অপরাহ্ন হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং আগামী ৭-৫-২০১৭ খ্রিঃ পূর্বাহ্নে বদলিকৃত কর্মস্থলের দায়িত্ব গ্রহণ করবেন।

**মোঃ মোয়াজ্জেম হোসেন**
কমিশনার (চলতি দায়িত্ব)

---

**পরিবেশ অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ: ২১ বৈশাখ ১৪২৪/4 মে ২০১৭

**নং ২২.০২.০০০০.০০৭.১১.০১৫.১৫-২৬৭**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ২-১০-২০১৬ তারিখের নং ৮০.১১০.০১১.০০.০০.০০১.২০১৪ (অংশ-১)/১১৭ সংখ্যক স্মারকের সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা | পদবী |
|---|---|---|
| (১) | নামঃ মোঃ শফিকুল ইসলাম<br>পিতার নামঃ মোঃ সামশুল ইসলাম<br>মাতার নামঃ আমেনা বেগম<br>স্থায়ী ঠিকানাঃ গ্রাম: শোভনদন্ডী, ডাকঘর: শোভনদন্ডী, উপজেলা: পটিয়া, জেলা: চট্টগ্রাম। | জুনিয়র কেমিস্ট |

২। উপর্যুক্ত কর্মকর্তার নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ—

(ক) তিনি জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে ১৬০০০—৩৮৬৪০ টাকা বেতনক্রমে বেতন এবং প্রচলিত সরকারি নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি পাবেন;

(খ) তিনি ২(দুই) বছরের জন্য শিক্ষানবীশ হিসেবে থাকবেন। শিক্ষানবীশির মেয়াদ চলাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবে;

(গ) তিনি বাংলাদেশের যে কোনো স্থানে চাকুরি করতে বাধ্য থাকবেন;

(ঘ) তাঁর জ্যেষ্ঠতা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক প্রণীত সুপারিশের মেধাক্রম অনুসারে নির্ধারিত হবে এবং এ নিয়োগপত্রের কারণে তিনি জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে কোন অতিরিক্ত সুবিধা দাবী করতে পারবেন না;

(ঙ) ছুটি, ভ্রমণভাতা এবং চাকুরির অন্যান্য শর্তাবলীর ব্যাপারে তিনি সরকারের প্রচলিত নিয়ম অনুযায়ী চালিত হবেন;

(চ) The Government Servants (Conduct) Rules ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটিপ ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় পরিবেশ অধিদপ্তরে জমা দিতে হবে।

(ছ) চাকুরিতে যোগদানের জন্য তাঁকে কোনো ভ্রমণভাতা, দৈনিকভাতা দেয়া হবে না;

(জ) যদি তিনি কোনো বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঝ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

৩। উক্ত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হলে তিনি আগামী ১-৬-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরে যোগদান করবেন। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ নিয়োগ প্রদান করা হলো এবং যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

**মোঃ রইছউল আলম মন্ডল**
মহাপরিচালক।

---

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**
**পরিচালক (প্রশাসন)**

**অফিস আদেশ**

তারিখ: ২৮ চৈত্র ১৪২৩/১১ এপ্রিল ২০১৭

**নং ৩৮.০১.০০০০.৩০০.১৯.০০৩.১৭.৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নেবর্ণিত উপজেলা শিক্ষা কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে বদলি করা হলো:

| | | |
|---|---|---|
| জনাব সালেহা খাতুন<br>উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব) | উপজেলা শিক্ষা অফিস, নেছারাবাদ, পিরোজপুর | উপজেলা শিক্ষা অফিস, সদর, ঝালকাঠি |

২। আবেদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাবের হোসেন**
পরিচালক (প্রশাসন)।

---

**রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ**

**আদেশ**

তারিখ: ২০ এপ্রিল ২০১৭

**নং ১৮৫**—নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক-কে নামের পার্শ্বে বর্ণিত জেলায় জনস্বার্থে বদলী করা হল :

| ক্রমিক নং | নাম, বিপি নম্বর ও পদবী | পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং ও তারিখ | বদলীকৃত জেলার নাম |
|---|---|---|---|
| (১) | জনাব ফকির সাইফুদ্দিন আহমেদ<br>বিপি-৭১৯৪০১১০৫৬<br>শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক | জিএ/১৬-২০১৫(ইন্স)/১০৪৭, তারিখঃ ৪-৪-২০১৭খ্রিঃ মূলে র‍্যাব হেডকোয়ার্টার্স, ঢাকা হতে আগত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক ২০-৪-২০১৭খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র দপ্তরে যোগদানকৃত। | জামালপুর জেলা |

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

**চৌধুরী আবদুল্লাহ আল মামুন,** পিপিএম
ডিআইজি।

---

**বরিশাল মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স**

**অফিস আদেশ**

তারিখ: ২৭ এপ্রিল ২০১৭

**নং বিএমপি/প্রশা/১৪৯৩**—বরিশাল মেট্রোপলিটন পুলিশে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এ.কে.এম মতিয়ার রহমান এর জন্ম তারিখ ৫-৫-১৯৫৮ হওয়ায় ৪-৫-২০১৭ তারিখে তাহার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। তাহার ছুটি হিসেবে পূর্ণ গড় বেতনে ৫ বছর ৯ মাস ১৪ দিন এবং অর্ধগড় বেতনে ৫ বছর ১১ মাস ২৩ দিন ছুটি পাওনা রয়েছে বিধায় তাহাকে ১২ মাসের পূর্ণগড় বেতনে পিআরএল (PRL) ছুটি মঞ্জুর করা হল।

| ক্রমিক নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | জন্ম তারিখ | পিআলএল এর তারিখ |
|---|---|---|---|
| (১) | জনাব এ.কে. এম মতিয়ার রহমান<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, বরিশাল | ৫-৫-১৯৫৮ খ্রিঃ | ৫-৫-২০১৭ খ্রিঃ তারিখ হতে ৪-৫-২০১৮ খ্রিঃ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে পিআরএল। |

**মোহাঃ আবুল কালাম আজাদ**
অতিরিক্ত পুলিশ কমিশনার।

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**অফিস আদেশ**

তারিখ: ২৭ এপ্রিল ২০১৭ খ্রিঃ

**নং বিএমপি/প্রশা/১৪৯৩**—বরিশাল মেট্রোপলিটন পুলিশে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এ, কে, এম মতিয়ার রহমান এর জন্ম তারিখ ০৫-০৫-১৯৫৮ হওয়ায় ০৪-০৫-২০১৭ তারিখে তাহার বয়স ৫৯(উনষাট) বছর পূর্ণ হবে। তাহার ছুটি হিসেবে পূর্ণগড় বেতনে ৩ বছর ১ মাস ২৭ দিন এবং অর্ধগড় বেতনে ০৩ বছর ০৩ মাস ০৭ দিন ছুটি পাওনা রয়েছে বিধায় তাহাকে ১২ মাসের পূর্ণগড় বেতনে পিআরএল (PRL) ছুটি মঞ্জুর করা হল।

| ক্রমিক নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | জন্ম তারিখ | পিআরএল এর তারিখ |
|---|---|---|---|
| (১) | জনাব এ. কে. এম মতিয়ার রহমান নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বিএমপি, বরিশাল। | ০৫-০৫-১৯৫৮ খ্রিঃ। | ০৫-০৫-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৪-০৫-২০১৮ খ্রিঃ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে পিআরএল। |

**মোহাঃ আবুল কালাম আজাদ**
অতিরিক্ত পুলিশ কমিশনার।

---

**রেঞ্জ ডিআইজির কার্যালয়**
**চট্টগ্রাম**

**আদেশাবলী**

তারিখ: ০৬ বৈশাখ, ১৪২৩/১৯ এপ্রিল ২০১৭

**নং হিসাব/পেনশন/০৫-২০১৪ (অংশ)/৬৩৮**—চট্টগ্রাম জেলায় কর্মরত নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এর বয়স ৫৯ বৎসর পূর্তিতে ০১ বৎসর বা ১২ মাসের পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুরের আবেদন করেন। তদানুযায়ী পুলিশ সুপার চট্টগ্রাম জেলা কর্তৃক প্রেরিত প্রস্তাব অনুযায়ী উপজেলা হিসাব রক্ষণ অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম কর্তৃক প্রদত্ত ছুটি পাওনা প্রতিবেদনের ভিত্তিতে সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) সংশোধন আইন ২০১২ মোতাবেক সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর ধারা ৪ এর সংশোধন অনুযায়ী এবং ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধি ৩(১)(২)(বি) ধারা মোতাবেক ছুটি প্রাপ্য থাকায় ও অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২, তারিখ-০৬-০৪-২০১০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী বর্ণিত কর্মকর্তার বয়স ৫৯ বৎসর পূর্তিতে তার নামের পার্শ্বে বর্ণিত অবসর ও অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও কর্মরত জেলা/ ইউনিটের নাম | জন্ম তারিখ | অবসর ও অবসর উত্তর ছুটির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ আব্দুর রহমান বিপি-৫৮৮১০৫২২৫২ নিরস্ত্র পুলিশ পরিদর্শক, চট্টগ্রাম জেলা। | ১৮-০৫-৫৮ | তার অবসর গ্রহণের তারিখ ১৭-০৫-২০১৭ খ্রিঃ। সে মোতাবেক তাকে আগামী ১৮-০৫-২০১৭খ্রিঃ হতে ১৭-০৫-২০১৮খ্রিঃ পর্যন্ত ০১ বছর বা ১২ মাসের পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হ'ল। | |

প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসর জনিত সকল আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৪/২০ এপ্রিল ২০১৭

**নং প্রশা/০৩-২০১৬(অংশ)/৬৫১**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/৫-২০১৭(অংশ)(ইন্স)/১১৩৮/১(২১), তারিখ-১১-০৪-২০১৭ খ্রিঃ মোতাবেক গাজীপুর জেলা এর নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মনজুরুল হক (বিপি-৬৮৮৮০৭৭২৭৪) বদলীসূত্রে ২০-০৪-২০১৭ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাকে জনস্বার্থে ফেনী জেলায় বদলী করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস এম মনির-উজ-জামান,** বিপিএম, পিপিএম
ডিআইজি।

## বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ এপ্রিল ২০১৭

**নং বিআরটিএ/১৯এ/৯৩-১২৫**—মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর ৫৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে মুন্সীগঞ্জ জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ। | চেয়ারম্যান |
| ০২ | অতিরিক্ত পুলিশ সুপার, মুন্সীগঞ্জ। | সদস্যবৃন্দ |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৪ | মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা, মুন্সীগঞ্জ। | সদস্য |
| ০৫ | জনাব হাজী এডভোকেট মোঃ গোলাম মাওলা তপন, পিতাঃ মোঃ হেলালউদ্দিন, ঠিকানাঃ উত্তর কোটগাঁও জমিদারপাড়া, মুন্সীগঞ্জ (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)। | সদস্য |
| ০৬ | জনাব এস. এম. মতিউল ইসলাম (হিরু), পিতাঃ মৃতঃ জয়নাল আবেদীন, ঠিকানাঃ উত্তর কোট গাঁও জমিদারপাড়া, মুন্সীগঞ্জ সদর (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)। | সদস্য |
| ০৭ | সহকারী পরিচালক (ইঞ্জিঃ)/ মোটরযান পরিদর্শক, বিআরটিএ, মুন্সীগঞ্জ। | সদস্য-সচিব |

২। এ কমিটি মোটরযান অধ্যাদেশ ১৯৮৩-তে বর্ণিত এবং সময়ে সময়ে সরকারী প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটির বেসরকারী সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ০৩ (তিন) বছর পর্যন্ত বহাল থাকবে।

৪। ইতি:পূর্বে গঠিত মুন্সীগঞ্জ জেলার রিজিওনাল ট্রান্সপোর্ট কমিটি এতদ্বারা রহিত করা হলো।

**মোঃ মশিয়ার রহমান**
চেয়ারম্যান।

---

## জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
**এল.এ শাখা**

**অধিগ্রহণের ঘোষণা/ গেজেট বিজ্ঞপ্তি ১১(২) ধারার অধীনে**
**অধিগ্রহণ মামলা নং ১১/২০১৪-২০১৫**
**ফরম 'ঘ'**
**[৫নং বিধি দ্রষ্টব্য]**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লেখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলক ভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে,

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

**তফসিল**

মৌজা-বিটেশ্বর, জে এল নং ৩৩৩, উপজেলা-দাউদকান্দি, জেলা-কুমিল্লা।

| খতিয়ান নং (আর.এস.) | দাগ নং (আর. এস.) | দাগে মোট জমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৬৬ | ৮৫২ | ০.৯২ | নাল | ০.১৬০০ |
| ১৭০ | ৮৫৩ | ০.৭০ | নাল | ০.২৩২৫ |
| ৮১ | ৮৫৪ | ০.৭৯ | নাল | ০.১৮০০ |
| ৭৪ | ৮৪৪ | ১.০৬ | নাল | ০.০১৭৫ |
| ১৫ | ৮৪৩ | ০.৪৪ | নাল | ০.১৭০০ |
| ১৮১ | ৮৪২ | ০.৪৯ | নাল | ০.১৮৫০ |
| ৮১ | ১০১০ | ০.৮৭ | নাল | ০.০১০০ |
| ১৫ | ১০১১ | ০.৪৪ | নাল | ০.০২০০ |
| | | | মোট জমির পরিমাণ= | ০.৯৭৫০ একর |

**মোঃ আসাদুজ্জামান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**অধিগ্রহণের ঘোষণা/গেজেট বিজ্ঞপ্তি ১১(২) ধারার অধীনে**

**অধিগ্রহণ মামলা নং ০৮/২০১৪-২০১৫**

**ফরম 'ঘ'**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লেখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নংঅধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

**তফসিল**

মৌজা ঃ দক্ষিণ নারায়নদিয়া, জে. এল. নং-২৯৬, উপজেলা ঃ দাউদকান্দি, জেলা ঃ কুমিল্লা

| খতিয়ান নং (আর.এস.) | দাগ নং (আর. এস.) | দাগে মোট জমির পরিমাণ (একর) | রেকর্ডীয় শ্রেণী | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৫২ | ৩৩১ | ০.২৩ | নাল | ০.০৪২৫ |
| ১৬০ | ৩২৯ | ০.৪০ | নাল | ০.০১০০ |
| ১/১ | ২৯৩ | ১.৭৫ | খাল | ০.০১৫০ |
| ২৫৫ | ৪৬৬ | ০.৪৩ | নাল | ০.০০৫০ |
| ২৪১ | ৫৫৬ | ০.০৬ | নাল | ০.০০৫০ |
| ২৪১ | ৫৫৫ | ০.১৮ | নাল | ০.০০৭৫ |
| ২৪১ | ৫৬১ | ০.১২ | নাল | ০.০১০০ |
| ২৪১ | ৫৬২ | ০.১০ | নাল | ০.০১২৫ |
| ২৫৫ | ৬২২ | ০.৭৪ | বাড়ী | ০.০১৫০ |
| ২৩৪ | ৫৬৩ | ০.১৪ | নাল | ০.০০৫০ |
| ২৩৪ | ৫৬৪ | ০.১৪ | নাল | ০.০৪০০ |
| ২৩৪ | ৫৬৫ | ০.১৩ | নাল | ০.০৬০০ |
| ২৩৪ | ৫৬৬ | ০.১৮ | বাড়ী | ০.০৫৫০ |
| ২৩৪ | ৬১৯ | ০.২০ | নাল | ০.০৬০০ |
| ২২৮/১ | ৯৯১ | ০.৪৯ | নাল | ০.০২২৫ |
| | | | | মোট = ০.৩৬৫০ একর |

**মোঃ আসাদুজ্জামান**
অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)।

---

**অধিগ্রহণের ঘোষণা/গেজেট বিজ্ঞপ্তি ১১(২) ধারার অধীনে**

**সম্পত্তি অধিগ্রহণ মামলা নং ১২/২০১৪-২০১৫**

**ফরম 'ঘ'**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লেখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতি পূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

**তফসিল**

মৌজা ঃ সাতমোড়া, জে. এল. নং-২১, উপজেলা ঃ মুরাদনগর, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়াননং (আর. এস.) | দাগনং (আর. এস.) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৮০ | ১০৯৫ আংশিক | ০.০১৭০ |

মৌজা ঃ রঘুরামপুর, জে. এল. নং-৬০, উপজেলা ঃ মুরাদনগর, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়াননং (আর. এস.) | দাগনং (আর. এস.) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৩৭১ | ১২০০ আংশিক | ০.০৭০০ |

মৌজা ঃ কাশিমপুর, জে. এল. নং-৪২, উপজেলা ঃ মুরাদনগর, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়াননং (আর. এস.) | দাগনং (আর. এস.) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৬০৫ | ২৫০০ আংশিক | ০.০৩৬০ |
| ১৬০ | ২৫০১ আংশিক | ০.০১৩৯ |
| মোট জমির পরিমাণ = ০.০৪৯৯ একর | | |

মৌজা ঃ কেওটগাঁও, জে. এল. নং-১৭০, উপজেলা ঃ মুরাদনগর, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়াননং (আর. এস.) | দাগনং (আর. এস.) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৬৫১ | ৪০৭ আংশিক | ০.২৬৫০ |
| ৭৯৭ | ৪০৮ আংশিক | ০.১৮৫০ |
| ৬৭৭ | ৪০৫ আংশিক | ০.০৩০০ |
| ১১১০ | ৪১০আংশিক | ০.০৫৫৫ |
| মোট জমির পরিমাণ= ০.৫৩৫৫ | | |

মৌজাঃ রানী মুহুরী, জে. এল. নং-১১৯, উপজেলা ঃ মুরাদনগর, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়াননং (আর. এস.) | দাগনং (আর. এস.) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৮৪৮ | ১৬৬৮আংশিক | ০.০৬০০ |

**মো: আসাদুজ্জামান**
অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)।

---

**অধিগ্রহণের ঘোষণা/গেজেট বিজ্ঞপ্তি ১১(২) ধারার অধীনে**
**অধিগ্রহণ মামলানং ০৪/২০১১-১২**
**ফরম 'ঘ'**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**

**[১১ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লেখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইলএবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

**তফসিল**

মৌজা ঃ চাষাপাড়া, জে, এল নং-৩৫৫, উপজেলা ঃ কুমিল্লা সদর দক্ষিণ, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়ান নং | সি.এস দাগনং | আংশিক/ সম্পূর্ণ | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ৬১ | ৩৬৬ | আংশিক | ০.৫৯০০ | ০.১৪৫০ |
| ৮৫ | ৩৬৭ | আংশিক | ০.৫৮০০ | ০.১৯০০ |
| ২৬ | ৩৬৮ | আংশিক | ০.৬৪০০ | ০.০৮০০ |
| ২৩৮ | ৪৯৮ | আংশিক | ০.১০০০ | ০.০১৫০ |
| ২৬, ১৬৩ | ৫০০ | আংশিক | ০.৭৮০০ | ০.৪২৫০ |
| ১৮০ | ৫০১ | আংশিক | ০.২৬০০ | ০.০৫০০ |
| ০১ | ৫৩৩ | আংশিক | ০.১১০০ | ০.০৫০০ |
| ৬১ | ৫৩৪ | আংশিক | ০.৬০০০ | ০.০৯০০ |
| ৬২ | ৫৫০ | আংশিক | ০.২২০০ | ০.০৫০০ |
| ৬২ | ৫৫১ | আংশিক | ০.২৭০০ | ০.০৭০০ |
| ১৫৭ | ৫৫৪ | আংশিক | ০.৫২০০ | ০.২২০০ |
| ১৫৭ | ৫৫৫ | আংশিক | ০.৩৭০০ | ০.১৫০০ |
| ৮৬ | ৫৫৯ | আংশিক | ০.৮১০০ | ০.৩০০০ |
| ৮৬ | ৫৬০ | আংশিক | ০.৯২০০ | ০.৬৬০০ |
| ৩৯ | ৫৬২ | আংশিক | ০.৯২০০ | ০.০৪৫০ |
| ৬২ | ৫৬৪ | পূর্ণ | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৬২ | ৫৬৫ | আংশিক | ০.০৭০০ | ০.০৩০০ |
| ১০৩ | ৫৬৭ | আংশিক | ০.১৪০০ | ০.০৬৫০ |
| ৪৫ | ৫৬৮ | পূর্ণ | ০.১৬০০ | ০.১৬০০ |
| ১০৩ | ৫৬৯ | আংশিক | ০.০৭০০ | ০.০৫০০ |
| | | | মোট= | ২.৯০৫০ একর |

মৌজা ঃ উত্তর ধনাইতরী, জে, এল নং-৩৬৭, উপজেলা ঃ কুমিল্লা সদর দক্ষিণ, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়ান নং | সি.এস দাগনং | আংশিক/ সম্পূর্ণ | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৪৪ | ৩৩৬ | আংশিক | ০.৮০০০ | ০.০৮০০ |
| ১১৭ | ৩৩৭ | আংশিক | ০.৯১০০ | ০.১৩৫০ |
| ৭৭ | ৩৪০ | আংশিক | ০.৮৭০০ | ০.২৬০০ |
| ৭৭ | ৩৪১ | আংশিক | ০.৯০০০ | ০.৬৩০০ |
| ১১৫ | ৩৫০ | আংশিক | ০.১০০০ | ০.০৪০০ |
| ১৪৫ | ৩৫৯ | আংশিক | ০.৫২০০ | ০.২৫০০ |
| ১৪৫ | ৩৬০ | আংশিক | ০.৯৪০০ | ০.২৪০০ |
| | | | মোট= | ১.৬৩৫০ একর |

মৌজাঃ মধ্যম ধনাইতরী, জে, এল নং-৩৬৭, উপজেলা ঃ কুমিল্লা সদর দক্ষিণ, জেলা ঃ কুমিল্লা।

| খতিয়ান নং | সি.এস দাগনং | আংশিক/ সম্পূর্ণ | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১০ | ১০ | আংশিক | ০.৪৭০০ | ০.২৩৫০ |
| ১০ | ১২ | আংশিক | ১.০৯০০ | ০.৫০০০ |
| ০২ | ১৩ | আংশিক | ০.০৭০০ | ০.০৩০০ |
| ৫৫ | ১৬ | আংশিক | ০.১৭০০ | ০.১০০০ |
| ০৩ | ১৭ | আংশিক | ০.৮২০০ | ০.৩৯৭৫ |
| ৪৬,৪৭ | ১৮ | সম্পূর্ণ | ০.১৭০০ | ০.১৭০০ |
| ০৩ | ১৯ | সম্পূর্ণ | ০.০৬০০ | ০.০৬০০ |
| ৪৬,৪৭ | ২০ | আংশিক | ০.১৮০০ | ০.০৮০০ |
| ২১ | ২১ | আংশিক | ০.১৩০০ | ০.০০৫০ |
| ২৬ | ২৮ | আংশিক | ০.৬৪০০ | ০.০১৫০ |
| | | | মোট= | ১.৫৯২৫ একর |

মৌজা ঃ ছফুয়া, জে, এল নং-২২০৫, উপজেলা ঃ চৌদ্দগ্রাম, জেলাঃ কুমিল্লা।

| খতিয়ান নং | সি.এস দাগনং | আংশিক/ সম্পূর্ণ | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৮৪,১৮৫ | ৩৫ | আংশিক | ০.২০০০ | ০.০৫৭৫ |
| ১৭ | ৬০ | আংশিক | ০.৫৮০০ | ০.১১৫০ |
| ০১,১৯৬ | ৬৭ | আংশিক | ০.৭০০০ | ০.০৪৫০ |
| | | | মোট= | ০.২১৭৫ |

সকল মৌজায় মোট অধিগ্রহণকৃত সম্পত্তির পরিমাণ ঃ ৬.৩৫০০ একর।

**মোঃ আসাদুজ্জামান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**বিভাগীয় কমিশনার অফিস**
**চট্টগ্রাম**
**সংস্থাপন শাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ এপ্রিল ২০১৭

**নং ০৫.৪২.০০০০.০১৪.০২.০০২.১৬-৩১৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই পদে তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হল :

(১) জনাব শঙ্কর কুমার বিশ্বাস (১৬৬৮৫), সহকারী কমিশনার, সহকারী কমিশনার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস চট্টগ্রামে ন্যস্ত—জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

(২) জনাব মোঃ সাইফুল ইসলাম (১৭৯১১), সহকারী কমিশনার, সহকারী কমিশনার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস চট্টগ্রামে ন্যস্ত—জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

তারিখ: ৩ এপ্রিল ২০১৭

**নং ০৫.৪২.০০০০.০১৪.০২.০০২/১৬.২৮৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই পদে তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হল :

(১) জনাব মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ (১৭৩৯০), সহকারী কমিশনার, সহকারী কমিশনার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস চট্টগ্রামে ন্যস্ত—জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।

(২) জনাব নিজাম উদ্দিন আহমেদ (১৭৫৮৪), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা—বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(৩) এ.টি.এম মোর্শেদ (১৭৫৯৫), সহকারী কমিশনার, সহকারী কমিশনার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস চট্টগ্রামে ন্যস্ত—জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**সৈয়দা সারোয়ার জাহান**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট**
**সংস্থাপন শাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ এপ্রিল ২০১৭

**নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৩.১৪-৫০৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০০২.১৭-১৫৮ নং প্রজ্ঞাপন এবং জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর ১৮-০৪-২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৫.৬১০০.০১২.০৪.০১৫.১৭-২৯৫ নম্বর স্মারকে প্রদত্ত অবমুক্তি আদেশের পরিপ্রেক্ষিতে ২৩-০৪-২০১৭ খ্রিঃ তারিখে এ কার্যালয়ে যোগদানকৃত নিম্নবর্ণিত সহকারী কমিশনারকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সমপদে বদলি/পদায়ন করা হলো।

| কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| জনাব মোঃ ইশতিয়াক ইমন (১৭৬৭৮) | কুমিল্লা | ময়মনসিংহ | সহকারী কমিশনার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এ ন্যস্ত। | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট |

২। বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তাকে ২৩-০৪-২০১৭ খ্রিস্টাব্দ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। বর্ণিত কর্মকর্তা এ কার্যালয় হতে কোন প্রকার বেতন ভাতা গ্রহণ করেননি।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৬ এপ্রিল ২০১৭

**নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.০১৫.১৭-৪৭৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫-০১-২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৭-৫১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের নিমিত্ত এ কার্যালয়ে ন্যস্তকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বদলি/পদায়ন করা হলো।

| কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| জনাব মিন্টু চৌধুরী (১৬৬৫১) | সুনামগঞ্জ | ফরিদপুর | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এ ন্যস্ত) | উপজেলা-জুড়ী, মৌলভীবাজার |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৩ এপ্রিল ২০১৭

**নং ০৫.৪৬.০০০০.০০৪.১৯.১৪-১৫-৫০২**—ভূমি মন্ত্রণালয়ের ১৭-৪-২০১৭ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৯.০০৫.১৫-৩৫০ নং প্রজ্ঞাপন এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর ১৮-০৪-২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৫.৬১০০.০১৪.১৯.০০১.১৬-১২৮(২০) নং অবমুক্তি আদেশের পরিপ্রেক্ষিতে ১৯-০৪-২০১৭ খ্রিঃ তারিখে এ কার্যালয়ে যোগদানকৃত নিম্নবর্ণিত সহকারী কমিশনার (ভূমি)-কে তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে বদলি/পদায়ন করা হলো।

| কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| জনাব এ এইচ এম আরিফুল ইসলাম, পরিচিতি নং-১৭১৮০ | ময়মনসিংহ | ময়মনসিংহ | সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেট-এ ন্যস্ত। | উপজেলা ভূমি অফিস, মৌলভীবাজার সদর |

২। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে বর্ণিত কর্মকর্তাকে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। বদলি/পদায়নকৃত কর্মকর্তাকে শ্রীমঙ্গল উপজেলা ভূমি অফিসে আগামী ২৫-০৪-২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হতে ০২ (দুই) সপ্তাহ মেয়াদে প্রশিক্ষণের নিমিত্ত সংযুক্তি প্রদান করা হলো। সংযুক্তিকৃত কর্মস্থলে যোগদানের জন্য ২৩-০৪-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে তাঁকে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। সংযুক্তির মেয়াদ শেষে বর্ণিত কর্মকর্তা বদলি/পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। উল্লেখ্য তিনি এ কার্যালয় হতে কোন প্রকার বেতন ভাতা গ্রহণ করেননি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোছাম্মৎ নাজমানারা খানুম**
কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী বিভাগ, রাজশাহী**

**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ এপ্রিল ২০১৭

**নং ০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.১৭.৫৬৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০৩-২০১৭ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০২.১৭-১৪২ নং প্রজ্ঞাপন এবং জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর ০৯-০৪-২০১৭ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৯০০০.০০৬.১৯.৫১.১৫-৩০৮ নং অফিস আদেশে অবমুক্ত হয়ে এ কার্যালয়ে যোগদানকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন করা হলো :

| কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| জনাব আরিফুজজামান (১৬২৩৬)<br>নিজ জেলা-জামালপুর<br>স্পাউসের জেলা-জামালপুর। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয় রাজশাহীতে যোগদানকৃত। পরবর্তী কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনা। |

২। পদায়নকৃত কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। পদায়নকৃত কর্মকর্তাকে ১২-০৪-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। উল্লেখ্য তিনি এ কার্যালয় হতে কোন বেতন ভাতা গ্রহণ করেননি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নূর-উর-রহমান**
বিভাগীয় কমিশনার।

**জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**এল এ কেস নং ২২/২০১৫-২০১৬**
**ফরম-ঘ**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের II নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ নং ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

**তফসিল**

মৌজাঃ গাড়াদহ ভায়া বিশ্বাস, জে এল নং-০৪, উপজেলাঃ শাহজাদপুর, জেলাঃ সিরাজগঞ্জ।

| দাগ নং (আর এস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | দাগ নং (আর এস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৩৯৬ আং | ০.০৬ | ২৩৪৯ আং | ০.১০ |
| ৪০১ ,, | ০.০৭৫০ | ২৩৫০ ,, | ০.০৬০০ |
| ৪০২ ,, | ০.১০০০ | ২৩৫১ ,, | ০.০৭৫০ |
| ৪০৩ ,, | ০.০৩০০ | ২৩৫২ ,, | ০.২৬০০ |
| ৪০৪ ,, | ০.০২০০ | ২৩৫৩ ,, | ০.০১০০ |
| ৪০৫ ,, | ০.০৭০০ | ২৩৫৪ ,, | ০.০৩০০ |
| ৪০৬ ,, | ০.১৫০০ | ২৩৫৫ ,, | ০.০৬০০ |
| ৪০৭ ,, | ০.০৫৫০ | ২৩৬৪ ,, | ০.১০০০ |
| ৪০৮ ,, | ০.০৬০০ | ২৩৬৫ ,, | ০.০৮৫০ |
| ৬৪১ ,, | ০.০৬০০ | ২৩৬৬ ,, | ০.০৫০০ |
| ৬৪৩ ,, | ০.০৬৭৫ | ২৩৬৭ ,, | ০.০২০০ |
| ৬৪৪ ,, | ০.০৬৫০ | ২৩৬৮ ,, | ০.০০২৫ |
| | | | মোট= ১.৬২৫০ |

ভূমি নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর এল এ শাখায় দেখা যাইতে পারে।

**মোহাম্মদ শামীম আলম**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর**
**(ভূমি হুকুম দখল শাখা)**
**ভূমি পুনঃগ্রহণ বিবিধ কেস নং : ৪৭/xiii/২০১৬-১৭**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত ভূমি সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন, ১৯৮২ এর বিধানমতে উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর এর ০৬-০৫-১৯৮৫ খ্রিঃ তারিখের ৭৮৯ নং স্মারকের প্রস্তাবের প্রেক্ষিতে নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলা কারাগার নির্মাণকল্পে ৩৭/১৯৮৩-৮৪ নং এল এ কেসে ২.০৮ একর ভূমি অধিগ্রহণ করা হয়। উক্ত ভূমি কারাগারের নামে অধিগ্রহণ করা হলেও কারাগার হিসাবে ব্যবহার হচ্ছে না। বর্তমানে অধিগ্রহণকৃত ভূমির মধ্য হতে ১.০০ একর ভূমি বনপাড়া হাইওয়ে থানা হিসাবে ব্যবহৃত হচ্ছে এবং অবশিষ্ট ভূমি অব্যবহৃত অবস্থায় পড়ে আছে যা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭-এর ৭৭(ক) ও (খ) অনুচ্ছেদের বিধানের পরিপন্থী। অধিগ্রহণকৃত জমি যে কাজে অধিগ্রহণ করা হয়েছে সে কাজে ব্যবহৃত না হলে বা উদ্দেশ্য বহির্ভূতভাবে ব্যবহার করা হলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭-এর ৭৭(ক) ও (খ) অনুচ্ছেদের বিধানমতে পুনঃগ্রহণক্রমে সরকারি খাসে আনয়নের বিধান রয়েছে। এ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার বড়াইগ্রাম উপজেলাধীন বনপাড়া উপ-কারাগারের জন্য ৩৭/৮৩-৮৪ নং এল এ কেসের আওতায় ২.০৮ একর ভূমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ ১৯৮২ এর ১৭ ধারা মোতাবেক রিজিউমপূর্বক ১নং খাস খতিয়ানভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

যেহেতু, অধিগ্রহণকৃত ভূমি দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত অবস্থায় পড়ে থাকলে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ সংক্রান্ত নির্বাহী আদেশ, ১৯১৭-এর ১৩৫ ও ১৩৮ নং নির্বাহী আদেশ এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২-এর ১৭(২) ধারা এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭-এর ৭৭ ও ৭৮ নং অনুচ্ছেদ অনুযায়ী উক্ত অধিগ্রহণকৃত ভূমি প্রত্যাশী সংস্থা কর্তৃক জেলা প্রশাসক বরাবর সমর্পণ করতে হবে;

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত অব্যবহৃত ভূমি পুনঃগ্রহণের নিমিত্ত বিবিধ কেস নং ৪৭/xiii/২০১৬-১৭ রুজু করে নাটোর জেলা অধিগ্রহণকৃত অব্যবহৃত ভূমি ব্যবস্থাপনা কমিটির ১২-০৪-২০১৭ খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হলে, নিম্ন তফসিল বর্ণিত ভূমি পুনঃ গ্রহণক্রমে খাস খতিয়ানে আনয়ন করে সংশ্লিষ্ট রেকর্ডপত্র সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ সংক্রান্ত নির্বাহী আদেশ, ১৯১৭-এর ১৩৫ ও ১৩৮ নং আদেশ এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১৭(২) ধারা এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭-এর ৭৭ ও ৭৮ নং অনুচ্ছেদের বিধান মোতাবেক নিম্ন তফসিল বর্ণিত ২.০৮ একর ভূমি পুনঃ গ্রহণক্রমে (রিজিউম) ১নং সরকারি খাস খতিয়ানে আনয়ন করার আদেশ প্রদান করা হলোঃ

**তফসিল**

মৌজাঃ বনপাড়া, জেএল নং-২৮, উপজেলা-বড়াইগ্রাম, জেলা-নাটোর।

| খতিয়ান নং (আর এস) | দাগ নং (আর এস) | দাগে মোট জমি (একরে) | অব্যবহৃত পুনঃগ্রহণযোগ্য জমি (একরে) |
|---|---|---|---|
| ৫৫০ | ১৫১ | ৬.৯২ | ২.০৮ |

**শাহিনা খাতুন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া**
**সংস্থাপন শাখা**

**অফিস আদেশ**

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৫০.১০০০.০০৭.২৬.১৩২.১৭-৩১৮**—জনাব মোঃ ফেরদৌস আলম, প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বগুড়া সদর, বগুড়া স্বেচ্ছায় অবসর গ্রহণের জন্য গত ১৬-০৩-২০১৭ খ্রিস্টাব্দ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। তদপ্রেক্ষিতে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(১) নং বিধি, ২৬-১২-২০১১ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট (অতিরিক্ত সংখ্যা) Public Servants (Retirement) (Amendment) Ordinance, ২০১১ এর ২নং অনুচ্ছেদ, ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১) বি(২) বি(৩) নং বিধি এবং বাংলাদেশ গেজেটের ১৫-১২-২০১৫ খ্রিঃ তারিখের অতিরিক্ত সংখ্যায় অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চাকরি ( বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১০ এর ২(ক) নং অনুচ্ছেদ অনুযায়ী ১৫-০৪-২০১৭ হতে ১৪-০৪-২০১৮ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো। ছুটি ভোগ শেষে ১৫-০৪-২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হতে তিনি চাকরি থেকে পূর্ণ অবসর গ্রহণ করবেন।

২। অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) ভোগের পরেও পূর্ণ ও অর্ধ গড় বেতনে একত্রিতভাবে গড় বেতনে প্রয়োজনীয় অর্জিত ছুটি পাওনা সাপেক্ষে চাকরি ( বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১০ এর ২(খ) নং অনুচ্ছেদ অনুযায়ী ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ থোক মঞ্জুরি (Lump grant) হিসেবে অনুমোদন দেয়া হলো। তাঁর মূল বেতন ২৬,১২০/-(ছাব্বিশ হাজার একশত বিশ) টাকা মাত্র।

**মোঃ আশরাফ উদ্দিন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট**
**রাজস্ব শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখঃ ১২ এপ্রিল ২০১৭ খ্রিঃ

**নং ৩১.৪৩.৩৮০০.০২০.০১.০৩২.১৭-৪৬৬(১০০)**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুদ্রণ, লেখসামগ্রী, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর আঞ্চলিক অফিস, বগুড়া হতে প্রাপ্ত নিম্নবর্ণিত আর,আর বহিতে G-০১০৬২১৯ নম্বর পাতায় মূল পাতার ক্রমিক

নম্বর ভুল, G-০১০৬৬১৫ নম্বর পাতায় মূল ও ডুপ্লিকেট পাতার ক্রমিক নম্বর ভুল এবং G-০১০৬৬১৬ নম্বর পাতায় মূল পাতার ক্রমিক নম্বরের সাথে ডুপ্লিকেট পাতার ক্রমিক নম্বরের মিল নাই। যার বিবরণ নিম্নরূপ :

| ক্রমিক নং | এ অফিসের বহির ক্রমিক নং | আর,আর বহির পাতা নম্বর | বর্তমান অবস্থা | বাতিলকৃত পাতা |
|---|---|---|---|---|
| ১ | ৪৫৮/১৬-১৭ | G-০১০৬২১৯ | মূল পাতার ক্রমিক নম্বর ভুল | G-০১০৬২১৯ এর মূল ও ডুপ্লিকেট পাতা। |
| | ৪৬২/১৬-১৭ | G-০১০৬৬১৫ | মূল ও ডুপ্লিকেট পাতার ক্রমিক নম্বর ভুল | G-০১০৬৬১৫ এর মূল ও ডুপ্লিকেট পাতা। |
| | ” | G-০১০৬৬১৬ | মূল পাতার ক্রমিক নম্বরের সাথে ডুপ্লিকেট পাতার ক্রমিক নম্বরের মিল নাই | G-০১০৬৬১৬ এর মূল ও ডুপ্লিকেট পাতা। |

এমতাবস্থায়, উপরে বর্ণিত আর,আর বহির মূল ও ডুপ্লিকেট পাতা বাতিল ঘোষণা করা হলো। বাতিলকৃত পাতা দ্বারা কোন প্রকার সরকারি অর্থ লেনদেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং আর,আর বহির বাতিলকৃত পাতা ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**মোঃ আব্দুর রহিম**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**অফিস আদেশ**

তারিখ: ৩ মে ২০১৭ খ্রিঃ

**নং ৩১.৪৪.৮৭০০.০০৮.০৯.০০২.১৭-৫১৯**—মন্ত্রিপরিষদ বিভাগের ২৪-০৬-১৯৮৪ তারিখের সিডি/ডিএ-১/১২(৪)৮৪/২২৩(৭০) নম্বর স্মারক মোতাবেক আমি আবুল কাশেম মোঃ মহিউদ্দিন, জেলা প্রশাসক, সাতক্ষীরা ভূমি হুকুম দখল ও অধিগ্রহণ অধ্যাদেশের আওতায় সাতক্ষীরা জেলার ভূমি অধিগ্রহণ কর্মকর্তার কার্য সম্পাদন করার জন্য জনাব মোঃ ময়নুল ইসলাম, পরিচিতি নম্বর **১৭৩৩৮**, সহকারী কমিশনার, সাতক্ষীরাকে নিম্নোক্ত ক্ষমতা প্রদান করলাম :

১। **১৮৯৪** সালের এল, এ এ্যাক্ট (**১৮৯৪** সনের **১** নম্বর আইন) ৩(গ) ধারা এবং পূর্ব বাংলা এ্যাকুইজিশান অব ওয়েষ্ট ল্যান্ড **১৯৫০** (**১৯৫০** সনের **১৯** নম্বর আইন) ২(১) ধারা অনুসারে কালেক্টর হিসেবে দায়িত্ব সম্পাদন করার জন্য ক্ষমতা প্রদান করা হলো।

২। **১৯৮২** সনের ২ নম্বর অধ্যাদেশের ২(বি) ধারা মোতাবেক তাঁকে জেলা প্রশাসকের দায়িত্ব সম্পাদন করার ক্ষমতা প্রদান করা হলো।

৩। এ আদেশ ০২-০৫-২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

**আবুল কাশেম মোঃ মহিউদ্দিন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী**
**(এস এ শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৩ এপ্রিল ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪৭.৭৩০০.০১৬.০৪.০১০.১৭.৪৫৭**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা এর আঞ্চলিক অফিস, রংপুর হতে সরবরাহকৃত দাখিলা বহির নিম্নবর্ণিত ছকের ৩নং কলামে উল্লিখিত দাখিলা বহির বর্ণিত ত্রুটির কারণে ৪নং কলামে বর্ণিত পাতাগুলোর মূল ও কার্বন কপি এতদ্বারা বাতিল ঘোষণা করা হল :

| ক্রঃ নং | সিরিজ নম্বর | দাখিলা বহির ত্রুটিপূর্ণ পাতার বিবরণ | বাতিলকৃত পাতা নম্বর |
|---|---|---|---|
| ০১ | E 0984301 হতে 0984400 পর্যন্ত | সরবরাহকৃত দাখিলা বহির পাতা নম্বর 0984301 হতে 0984400 পর্যন্ত (২০০টি মূল ও ডুপ্লিকেট) এর স্থলে ভুল নম্বরের পাতা সরবরাহ করা হয়েছে 0964301 হতে 0964400 পর্যন্ত। | পাতা নম্বর 0964301 হতে 0964400 পর্যন্ত (২০০টি পাতা) মূল ও ডুপ্লিকেট কার্বন কপি (১০০+১০০)=২০০টি পাতা)। |
| ০২ | E 0971801 হতে 0971900 পর্যন্ত | সরবরাহকৃত দাখিলা বহির পাতা নম্বর 0971801 হতে 0971900 পর্যন্ত (২০০টি মূল ও ডুপ্লিকেট) এর স্থলে ভুল নম্বরের পাতা সরবরাহ করা হয়েছে 0991801 হতে 0991900 পর্যন্ত। | পাতা নম্বর 0991801 হতে 0991900 পর্যন্ত (২০০টি পাতা) মূল ও ডুপ্লিকেট কার্বন কপি (১০০+১০০)=২০০টি পাতা)। |

| ক্রঃ নং | সিরিজ নম্বর | দাখিলা বহির ত্রুটিপূর্ণ পাতার বিবরণ | বাতিলকৃত পাতা নম্বর |
|---|---|---|---|
| ০৩ | E 0996801 হতে 0996900 পর্যন্ত | সরবরাহকৃত দাখিলা বহির পাতা নম্বর 0996801 হতে 0996900 পর্যন্ত (২০০টি মূল ও ডুপ্লিকেট) এর স্থলে ভুল নম্বরের পাতা সরবরাহ করা হয়েছে 0976801 হতে 0976900 পর্যন্ত। | পাতা নম্বর 0976801 হতে 0976900 পর্যন্ত (২০০টি পাতা) মূল ও ডুপ্লিকেট কার্বন কপি (১০০+১০০)=২০০টি পাতা)। |
| ০৪ | E 0994301 হতে 0994400 পর্যন্ত | সরবরাহকৃত দাখিলা বহির পাতা নম্বর 0994301 হতে 0994400 পর্যন্ত (২০০টি মূল ও ডুপ্লিকেট) এর স্থলে ভুল নম্বরের পাতা সরবরাহ করা হয়েছে 0974301 হতে 0974400 পর্যন্ত। | পাতা নম্বর 0974301 হতে 0974400 পর্যন্ত (২০০টি পাতা) মূল ও ডুপ্লিকেট কার্বন কপি (১০০+১০০)=২০০টি পাতা)। |

২। এ অবস্থায় উল্লিখিত দাখিলা বহিসমূহের বাতিলকৃত পাতা দ্বারা কোন প্রকার সরকারি অর্থ আদায় বা কোন আদালতে উপস্থাপন বা ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করা হলে তা সম্পূর্ণ অবৈধ ও বে-আইনী বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনত দণ্ডনীয় হবেন।

**মোঃ জাকীর হোসেন**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রায়পুরা, নরসিংদী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭ এপ্রিল ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৩০.৬৮৬৪.১১০.০২.২০৪.১২.৪৩৬**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার নিলক্ষ্যা ইউনিয়নের ১নং ওয়ার্ডের (সাধারণ আসন) নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য মোঃ শাহজাহান মিয়া, পিতা : মোঃ নাগর মিয়া, গ্রাম : বীরগাঁও কান্দাপাড়া, পোঃ নিলক্ষ্যা, উপজেলা : রায়পুরা, জেলা : নরসিংদী বিগত ২৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখ ক্যানসারে আক্রান্ত হয়ে তার নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে. .......... ..................রাজিউন)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩৫(ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোহাম্মদ আবদুল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী উক্ত ২৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখ হতে নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার নিলক্ষ্যা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের (সাধারণ আসন) ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ আবদুল্লাহ**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ছাগলনাইয়া, ফেনী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৯ এপ্রিল ২০১৭ খ্রিঃ

**নং ০০.৫৩৬.০২৪.০০.০৪.১০৩.২০১৭-২৪৬(ক)**—চেয়ারম্যান রাধানগর ইউনিয়ন পরিষদ, ছাগলনাইয়া, ফেনীর স্মারক নং- ৩৪/২০১৬, তাং-১৪/০৮/২০১৬ খ্রিঃ তারিখের পত্রের পরিপ্রেক্ষিতে ছাগলনাইয়া উপজেলাধীন ৮ নং রাধানগর ইউনিয়ন পরিষদের ৭নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব আবু তাহের পাটোয়ারী, ইউপি সদস্য, পিতা: মৃত হোসেন আহাম্মদ পাটোয়ারী, গ্রাম : পশ্চিম মধুগ্রাম, ০৭ নং ওয়ার্ড, পো: মধুগ্রাম, উপজেলা: ছাগলনাইয়া, জেলা: ফেনী গত ১৩-০৮-২০১৬ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন।

২। এমতাবস্থায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ৩৫(১)(ঙ) ধারা অনুযায়ী আমি শাহিদা ফাতেমা চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী সর্বসাধারণের অবগতির জন্য ছাগলনাইয়া উপজেলাধীন ০৮ নং রাধানগর ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সদস্য পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) (১) ধারামতে ১৩-০৮-২০১৬ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**শাহিদা ফাতেমা চৌধুরী**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ এপ্রিল ২০১৭ খ্রি:

**নং ০৫.৪২.৫১০০.০৫৫.০১.০০২.২০১৭-৪৭৬**—লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন ০১ নং উ: হামছাদী ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব ওমর ফারুক, পিতা-শামছুল হুদা (আবসার উদ্দিন মুন্সী বাড়ী), গ্রাম-শ্যামগঞ্জ, পো: শ্যামগঞ্জ, উপজেলা-লক্ষ্মীপুর সদর, জেলা- লক্ষ্মীপুর গত ০১-০৪-২০১৭ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। এক্ষণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমি মোহাম্মদ নুরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর ০১ নং উ: হামছাদী ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের সদস্য পদ গত ০১-০৪-২০১৭ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ নুরুজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কাপ্তাই, রাংগামাটি পার্বত্য জেলা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৫ এপ্রিল ২০১৭ খ্রি:

**নং ০৫.৪২.৮৪৩৬.২০৭.৪২.০০১.১৭-৫০২**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ ১৯৮৩ এর ১৭ ধারা মোতাবেক এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্য, পদত্যাগ, অপসারণ ও পদশূন্য বিধিমালা ১৯৮৪ এর ১৩ নং বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে আমি তারিকুল আলম, উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই, রাংগামাটি পার্বত্য জেলা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, কাপ্তাই উপজেলাধীন ৩ নং চিৎমরম ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আকবর আলী তাঁর লিভার জন্ডিস রোগে আক্রান্ত হয়ে গত ২৪-০৪-২০১৭ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানিয়েছেন। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ ) অধ্যাদেশ ১৯৮৩ এর ১৩(ই) ধারামতে তাঁর মৃত্যুবরণের তারিখ হতে সদস্য পদটি শূন্য ঘোষণা করা হলো।

**তারিকুল আলম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট**
**রাজস্ব শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৫ এপ্রিল ২০১৭

**নং ৩১.৪৩.৩৮০০.০২০.০১.০৩২.১৭-৪৩৪(১০০)**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুদ্রণ, লেখসামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর আঞ্চলিক অফিস, বগুড়া হতে প্রাপ্ত নিম্নবর্ণিত আর, আর বহিতে D-০৩৫০০১৭ ও D-০৩৫০০১৮ নম্বর পাতায় মূল পাতার ক্রমিক নম্বরের সাথে ডুপ্লিকেট পাতার ক্রমিক নম্বরের মিল নাই, D-০৩৫০০১৯ হতে D-০৩৫০০২৪ পর্যন্ত পাতার ডুপ্লিকেট পাতায় ক্রমিক নম্বর নাই এবং D-০৩৫০০৭৩ নম্বর পাতার মূল পাতায় ক্রমিক নম্বর নাই। যার বিবরণ নিম্নরূপ :

| ক্রমিক নং | এ অফিসের বহির ক্রমিক নং | আর, আর বহির পাতা নম্বর | বর্তমান অবস্থা | বাতিলকৃত পাতা |
|---|---|---|---|---|
| ১ | ৪৩৬/১৬-১৭ | D-০৩৫০০১৭ ও D-০৩৫০০১৮ | মূল পাতার ক্রমিক নম্বরের সাথে ডুপ্লিকেট পাতার ক্রমিক নম্বরের মিল নাই | D-০৩৫০০১৭ ও D-০৩৫০০১৮ এর মূল ও ডুপ্লিকেট পাতা। |
| | ,, | D-০৩৫০০১৯ হতে D-০৩৫০০২৪ পর্যন্ত | ডুপ্লিকেট পাতায় ক্রমিক নম্বর নাই | D-০৩৫০০১৯ হতে D-০৩৫০০২৪ এর মূল ও ডুপ্লিকেট পাতা। |
| | ,, | D-০৩৫০০৭৩ | মূল পাতায় ক্রমিক নম্বর নাই | D-০৩৫০০৭৩ এর মূল ও ডুপ্লিকেট পাতা। |

এমতাবস্থায়, উপরে বর্ণিত আর, আর বহির মূল ও ডুপ্লিকেট পাতা বাতিল ঘোষণা করা হলো। বাতিলকৃত পাতা দ্বারা কোন প্রকার সরকারি অর্থ লেনদেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং আর, আর বহির বাতিলকৃত পাতা ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**মোঃ আব্দুর রহিম**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম**
**(এল এ শাখা)**
**অধিগ্রহণ মামলা নং-০২/২০১৬-১৭**
**ফরম-চ**
**বিজ্ঞপ্তি**
**[১২(২) ধারা মোতাবেক]**

যেহেতু, ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর অধীনে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের জন্য ০২/২০১৬-২০১৭ নং মামলার কার্যধারা ০২-০১-২০১৭ তারিখে শুরু করা হয়েছিল। অধিগ্রহণ কার্যক্রমের ধারাবাহিকতায় ৩-ধারা নোটিশ জারির পর আপত্তির প্রেক্ষিতে চূড়ান্ত অনুমোদনের জন্য কেস নথিটি বিভাগীয় কমিশনার রংপুর বিভাগ, রংপুর কার্যালয়ে প্রেরণ করা হলে চূড়ান্ত অনুমোদন প্রদান না করায় উহা বাতিল করা হয়।

সেহেতু, উক্ত অধ্যাদেশের ১২ ধারার (২) উপ-ধারা মোতাবেক বর্ণিত ক্ষমতাবলে আমি সরকারের পূর্ব অনুমোদন গ্রহণপূর্বক উক্ত সম্পত্তির অধিগ্রহণ সম্পর্কিত সমুদয় কার্যধারা প্রত্যাহার করলাম।

**তফসিল**

মৌজা-থানা, জেএল নং-০৭, উপজেলা-চিলমারী, জেলা-কুড়িগ্রাম।

| খতিয়ান নং | দাগ নং | দাগের মোট জমি (একর) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | আংশিক/পূর্ণ |
|---|---|---|---|---|
| ৭০৫ | ৫১৫৩ | ০.০৩০০ | ০.০১০০ | |
| ৭০৫ | ৫১৫৪ | ০.১৩০০ | ০.০৭০০ | |
| | | মোট= | ০.০৮০০ | |

দাগসূচী ও ভূমি নক্সা এ কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যেতে পারে।

**খান মোঃ নুরুল আমিন**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গাবতলী, বগুড়া**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৮ এপ্রিল ২০১৭

**নং ০৫.৫০.১০৪০.০০০.১৫.০০৩.১০.৩৯৫**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, বগুড়া জেলার গাবতলী উপজেলার বালিয়াদিঘী ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য মোঃ একরামুল হক, পিতা-মৃত মফিজ উদ্দিন প্রাং, গ্রাম-বালিয়াদিঘী, উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া গত ১৩-০৪-২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার রাত্রি ১২.০০ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৩৫ এর ১(ঙ) উপ-ধারার আলোকে এবং ধারা ৩৫ এর ২ উপ-ধারার ক্ষমতাবলে আমি মোঃ মনিরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া তাঁর মৃত্যুর কারণে ১৩-০৪-২০১৭ তারিখ হতে বালিয়াদিঘী ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের মরহুম মোঃ একরামুল হক এর সাধারণ আসনের সদস্যের পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ মনিরুজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।